

প্রায় সমঃ/প্রয়োজনীয় ব্যবস্থা নিন  
০৩/০২/২০২৫



জাতীয় বিশ্ববিদ্যালয়  
বাংলাদেশ  
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি  
মুখিভূক্ত নং: ১৭৫  
সংক্রান্ত নং: ৩২/২০২৫  
গ্রহণের তারিখ:

গ্রহিতার স্বাক্ষর

স্মারক নং ০৫(৫৩৩) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/২০২৩/৫৩২৪

তারিখ: ০২/০২/২০২৫

প্রাপকঃ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা  
সকল কেন্দ্রে।

বিষয়ঃ প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপলসি) পরীক্ষার্থীদের অতিরিক্ত ৩০(ত্রিশ) মিনিট সময়  
বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষামন্ত্রণালয়ের পরিপত্র স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫, তারিখ: ২৯/০৯/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার কলেজ কেন্দ্রে ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপলসি) পরীক্ষার্থী থাকলে নিম্নবর্ণিত শর্তে ৩০(ত্রিশ) মিনিট অতিরিক্ত সময় প্রাপ্য হবে।

শর্তসমূহ:

- ১। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রতিবন্ধী সনদ থাকতে হবে।
- ২। পরীক্ষা শুরুর কমপক্ষে ০২(দুই) কর্মদিবস আগে অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিবন্ধী পরীক্ষার্থীদের তথ্য (প্রবেশপত্রের কপি ও প্রতিবন্ধী সনদের কপি) পরীক্ষা নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট উপ-পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করবেন।
- ৩। প্রতিবন্ধী পরীক্ষার্থীদের উত্তরপত্র পৃথকভাবে গালাসীল করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪-এই ঠিকানায় পাঠাতে হবে।  
প্যাকেটের উপরে প্রতিবন্ধী পরীক্ষার্থীর উত্তরপত্র লাল কালিতে লিখতে হবে।

০৩/০২/২০২৫  
(মোঃ এনামুল করিম)  
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৩/০২/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপলসি) পরীক্ষার্থী থাকলে পরীক্ষা শুরুর কমপক্ষে ০২ দিন পূর্বে আবেদন ও সনদপত্র দাখিল সাপেক্ষে প্রশ্নপত্রে উল্লিখিত সময়ের অতিরিক্ত ৩০ মিনিট সময় প্রাপ্য হবে।

০৩/০২/২০২৫  
(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা-২০২৩ কমিটি, রাঙ্গামাটি সরকারি কলেজ কেন্দ্র, রাঙ্গামাটি;
- ২। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৩। সংরক্ষণ নথি।